

# ফল জালিয়াতির অভিযোগ তদন্তের নির্দেশ

## চট্টগ্রাম শিক্ষা বোর্ড

### চট্টগ্রাম ব্যুরো

০২ এপ্রিল ২০২৪, ১২:০০ এএম



চট্টগ্রাম শিক্ষা বোর্ডের সচিব ও সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক নারায়ণচন্দ্রের বিরুদ্ধে পরীক্ষার ফল জালিয়াতির ঘটনা তদন্তের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। মন্ত্রিপরিষদ বিভাগের এক চিঠির পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের শৃঙ্খলা শাখা থেকে এ সংক্রান্ত আদেশ জারি করা হয়। গতকাল উপসচিব মো. শাহীনের ইসলাম স্বাক্ষরিত চিঠি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের কাছে দেওয়া হয়।

চিঠিতে উল্লেখ করা হয়েছে, চট্টগ্রাম শিক্ষাবোর্ডের বর্তমান সচিব ও সাবেক পরীক্ষা নিয়ন্ত্রক নারায়ণচন্দ্রের বিরুদ্ধে পরীক্ষার ফল জালিয়াতির অভিযোগ উঠেছে।

অভিযোগ উপযুক্ত কর্মকর্তা দ্বারা ১৫ কার্যদিবসের মধ্যে তদন্ত করে মতামতসহ দাখিল করতে নির্দেশ দেওয়া হয়েছে।

জানা গেছে, উচ্চ মাধ্যমিক পরীক্ষায় সচিব নারায়ণচন্দ্রের ছেলে নক্ষত্র দেবনাথ জিপিএ-৫ পেয়ে উত্তীর্ণ হয়। একটি বিষয়ে জিপিএ-৫ না পাওয়ায় পুনর্নিরীক্ষণের আবেদন করতে গিয়ে দেখেন তার ছেলের সব বিষয়ে পুনর্নিরীক্ষণের আবেদন আগেই করা হয়েছে। সেই আবেদন তারা করেন অভিযোগ করে থানায় সাধারণ ডায়েরি করা হয়।

নক্ষত্র দেবনাথ এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ না পেলেও ভর্তির নীতিমালা ভঙ্গ করে চট্টগ্রাম ক্যান্টনমেন্ট পাবলিক স্কুলে ভর্তি হয়েছে বলে অভিযোগ আছে। এ ছাড়া একাদশ শ্রেণির সমাপনী পরীক্ষা ও নির্বাচনী পরীক্ষায় সব বিষয়ে পাস করতে পারেনি নক্ষত্র দেবনাথ। বোর্ডের কর্মকর্তা-কর্মচারীদের মধ্যে গুঞ্জন রয়েছে, সচিবের প্রভাব খাটিয়ে নিজের ছেলের ফলাফল জালিয়াতি করেছেন নারায়ণচন্দ্র।

এ ছাড়া ২০২১ সালেও নারায়ণচন্দ্র পরীক্ষা নিয়ন্ত্রক থাকা অবস্থায় ফলাফল কেলেঙ্কারির সঙ্গে জড়িত ছিলেন। ওই ঘটনায় আইটি শাখার কিবরিয়া মাসুদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হয়েছিল। পরীক্ষা নিয়ন্ত্রক বিসিএস কর্মকর্তা হওয়ায় তার বিরুদ্ধে ব্যবস্থা নিতে শিক্ষা মন্ত্রণালয়ে চিঠি দেওয়া হয়েছিল। তবে ব্যবস্থা নেওয়া হয়নি।

এদিকে নারায়ণচন্দ্র বর্তমানে ভারপ্রাপ্ত চেয়ারম্যানের দায়িত্বে থাকায় প্রভাব খাটিয়ে ফলাফল জালিয়াতির আলামত নষ্টের আশঙ্কা করছেন বোর্ডের সংশ্লিষ্টরা। এরই মধ্যে খাতা বিক্রির টেন্ডার আহ্বান করা হয়েছে। পরীক্ষার খাতা বিক্রি করলে জালিয়াতির ঘটনা প্রমাণ করা কঠিন হয়ে যাবে বলে মনে করছেন তারা।